

জামায়াতের হরতাল হলেও আজ পরীক্ষা চলবে

স্টাফ রিপোর্টার। জামায়াতের হরতাল হলেও আজ পূর্ব নির্ধারিত সময়েই কারিগরি বোর্ডের এইচএসসি, ভোকেশনাল পরীক্ষা অনুষ্ঠিত হবে। সাধারণ আট বোর্ডের এইচএসসি ও মাদ্রাসা বোর্ডের আলিমে আজ কোন পরীক্ষা নেই। আগামীকাল বুধবার কোন বোর্ডেই পরীক্ষা নেই। শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, হরতাল-অবরোধ যাই হোক শিক্ষার্থীদের পরীক্ষা বন্ধ রাখা যাবে না। হরতাল-অবরোধে মানুষের কোন সমর্থন নেই। পরীক্ষার্থীদের তিনি আগামী সকল পরীক্ষার জন্যই মনোযোগ দিয়ে পড়ালেখা করার আহ্বান জ্ঞানিয়েছেন। এদিকে সোমবার দেশব্যাপী এইচএসসি-সমমানের পরীক্ষার দ্বিতীয় দিন পার করেছে পরীক্ষার্থীরা।

শিক্ষা মন্ত্রণালয় ও বোর্ড জানিয়েছে, জামায়াতের হরতাল হলেও আজ এইচএসসি ভোকেশনালের ইংরেজী-১ (নতুন-পুরনো সিলেবাস, কোড ১১১২, একাদশ) পরীক্ষা অনুষ্ঠিত হবে। পূর্বনির্ধারিত সূচী অনুযায়ী সকাল ১০টায় এ পরীক্ষা অনুষ্ঠিত হবে। আন্তঃশিক্ষা বোর্ড সাব-কমিটির সভাপতি ও ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক আবু বক্কর হিদ্দিক পরীক্ষা হবে মস্তবা করে বলেছেন, শিক্ষামন্ত্রীর পূর্বের নির্দেশনা অনুযায়ী হরতাল হলেও পরীক্ষা অনুষ্ঠিত হবে। এরই ধারাবাহিকতায় মঙ্গলবারের পরীক্ষাও অনুষ্ঠিত হবে। এদিকে সোমবার দেশব্যাপী এইচএসসি-সমমানের দ্বিতীয় দিনের পরীক্ষা অনুষ্ঠিত (৪ পৃষ্ঠা ৫ কঃ দেখুন)

জামায়াতের হরতাল

(প্রথম পৃষ্ঠার পর)

হয়েছে শান্তিপূর্ণভাবে। সকাল ১০টা থেকে সাধারণ আট বোর্ডের এইচএসসিতে বাংলা (আবশ্যিক) দ্বিতীয় পত্র, সহজ বাংলা দ্বিতীয় পত্র, বাংলা ভাষা ও বাংলাদেশের সংস্কৃতি দ্বিতীয় পত্র, ডিপ্লোমা ইন বিজনেস স্টাডিজের বাংলা (আবশ্যিক) দ্বিতীয় পত্র পরীক্ষা অনুষ্ঠিত হয়। মাদ্রাসার আলিমে ইংরেজী (অনিয়মিত), ইংরেজী প্রথম পত্র (নিয়মিত) এবং কারিগরি বোর্ডের এইচএসসি ভোকেশনালে ইংরেজী-২ (পার্ট-২, নতুন-পুরনো) ডিপ্লোমা ইন কমার্সে ইংরেজী-২ পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। দ্বিতীয় দিনে পরীক্ষা চলাকালে সিলেটে তিন পরীক্ষার্থীকে সনাক্ত করার দায়ে বহিষ্কার করা হয়েছে। সিলেট শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক এমএ মান্নান এ তথ্য নিশ্চিত করেছেন। তিনি বলেন, সিলেট বিভাগের চার জেলায় ৭৫ কেন্দ্রে বাংলা দ্বিতীয় পত্র পরীক্ষায় অসৎ উপায় অবলম্বনের দায়ে তিন জন বহিষ্কার হয়েছেন। বহিষ্কৃত তিনজনের মধ্যে একজন সুনামগঞ্জের জগন্নাথপুর ও দুজন মৌলভীবাজার জেলার শিক্ষার্থী। তিনি আরও জানান, পরীক্ষায় সিলেট বিভাগে মোট ৫১৫ পরীক্ষার্থী অনুপস্থিত ছিলেন।